BANDWAN POLICE STATION PURULIA

W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

661

First information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist. Purulia Sub Divn. Manbazar P.S. Bandwan Year 2017 FIR No. 64/17 Date 16/12/17

2. i) Act I.P.C. Sections 498A/323/109/34 ii) Act ........ Sections ........

iii) Act ........ Sections ........ iv) Other acts & Sections ........

3. a) General Diary Reference : Entry No. 553 Time 1205 hrs.

b) Occurrence of Offence : Day Since marrage Date 8/3/2015 Time ........

c) Information received Date 16/12/2017 Time 1205 hrs G.D. No. 553 at the P.S.

4. Type of Information : Written/Oral (TYPE)

5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. Simlapal, Bankura

b) Address Cinama hall gora, Simlapal, PS- Simlapal, Dist- Bankura

........ Beat No. ........

c) In case outside limit of this Police Station, then the name of P.S. Simlapal District Bankura.

6. Complainant / Informant :

a) Name : Jhuma Dey

b) Father's / Husband's Name w/o Bikram Dey, D/o Uttam Dey.

c) Date / Year of birth ........ d) Nationality Indian.

e) Address vill- Simlapal (Cinamahallgora), Bankura, ATP-> Chirudih, PS: Bandwan, Purulia

7. Details of known/suspected/unknown/accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

1) Bikram Dey S/O Tarapodo Dey
2) Tarapodo Dey S/O Not Known
3) Smt Nila Dey W/O Tarapodo Dey
4) Satya Dey S/O Tarapodo Dey
vill-> Simlapal, cinamahallgora,
PS- Simlapal, Dist- Bankura, W.B

8. Reasons for delay in reporting by the complainant/informant ........

9. Prticulars of properties stolen/involved : (Attach separate sheet, if required) : ........

10. Total value of properties stolen/involved : ........

11. Inquest report/U.D. Cases, if any : ........

12. FIR Contents : (Attach separate sheets, if required) The original type complain of the complainant which is treted as FIR is attached here with.

16.12.17

Officer-In-Charge
BANDWAN P.S

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498(A)/323/109/34 IPC

registered the case and took up the investigation/directed ASI. J. Bhattacharya. to take up the investigation/transferred to P. S. Bandwan P.S on point of jurisdiction. FIR read over to the Complainant/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

S I Rajat Choudhary 16.12.17

Signature of the Officer-in-Charge, Police Station with

Officer-In-Charge BANDWAN P.S Purulia

Name : S I RAJAT CHOUDHARY

Rank SUB - INSPECTOR

Number if any ........

ঝুমা দে

Signature/Thumb impression of the Complainant/informant

To,

The I.C. Bandwan Police Station

Bandwan Purulia

মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে, আমি শ্রীমতী ঝুমা দে, স্বামী- বিক্রম দে সাং- ও পোঃ- সিমলাপাল, থানা- সিমলাপাল জেলা- বাঁকুড়া। বর্তমান প্রজন্তে পিতা- শ্রী উত্তম দত্ত, সাং-ও পোঃ- চিরুডিহী, থানা- বান্দোয়ান জেলা- পুরুলিয়া।

মহাশয়ের অবগতির জানাই যে গত ইং ০৪/০৩/২০১৫ সালে বাংলা ১৯শা ফাল্গুন ১৪২২ সন তারিখে বাঁকুড়া জেলার অন্তর্গত সিমলাপাল থানার অধিন সিনেমাহল গড়া গ্রাম নিবাসী তারাপদ দে এর জৈষ্ঠ পুত্র শ্রী বিক্রম দে এর সহিত দেখাশুনা করিয়া অনুষ্টান করিয়া হিন্দুশ্রাস্ত্র মতে রাইপুর থানার অন্তর্গত ভগড়া শীব মন্দিরে বিবাহ হয়। বিবাহের সময় শ্বশুর বাড়ীর লোকজনদের দাবি মতো পন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সোনার হার ১ ভরি, একটি সোনার আঙটি, ২টি খাট-পালঙ্খ, গদি-বালিস, গোদরেজ স্টিলের আলমারি দান সামগী যথা পিতলের- গামলা, হাঁড়ি, কলসি, বাটি, থালা, গ্লাস আমার পিতা প্রদান করেন।

উক্ত বিবাহের পর আমি আমার স্বামীর সহিত শ্বশুর বাড়ীতে যাই। শশুর বাড়ীর লোকজনদের ও স্বামীর সহিত স্বামী-স্ত্রী রুপে বসবাস করিতে থাকি। কিছুদিন থাকার পর আমার স্বামী সহ শ্বশুর বাড়ির লোকজনেরা আমাকে বেটে বলে নানা রকম কটূক্তি আরম্ভ করে এবং আমাকে বলতে আরম্ভ করে আমি তাহাদের বাড়ির উপযুক্ত বৌমা হই নাই বলে আমার উপর শারীরিক ও মানসীক নির্যাতন আরম্ভ করে। যথা কথায় কথায় খারাপ ভাষায় গালিগালাজ সহ কারনে অকারনে মারধোর আরম্ভ করে এবং নিত্য প্রয়োজনীয় জিনিষ পত্রাদি তেল, সাবান ব্যবহার করতে দিত না। আমাকে অর্ধাহারে অনাহারে দিন কাটাতে হত। উক্ত ঘটনার বিষয় আমি আমার বাবা-মাকে বলতাম এবং শ্বশুর বাড়ির পাশাপাশি লোকজনদের বলতাম। এই ভাবে কিছু দিন চলার পর গত আষাঢ় মাসের ১৫ তারিখ আমার মা শ্বশুর বাড়িতে যায় এবং আমাকে বাপের বাড়িতে নিয়ে আসে। কিছুদিন বাপের বাড়িতে থাকার পর গত ৬ই শ্রাবন ১৪২৪ সন তারিখে আমার মা আমাকে শ্বশুর বাড়িতে রেখে আসে। দুই চার দিন শ্বশুর বাড়িতে থাকার পর পুনরায় আমার উপর শারীরিক ও মানসীক অত্যাচারের মাত্রা বাড়াইয়া দেয়। গত ইং ১৭/০৯/২০১৭ তারিখ ১) শ্রী বিক্রম দে, পিতা- তারাপদ দে (স্বামী) ২) তারাপদ দে পিতা অজ্ঞাত (শ্বশুর) ৩) শ্রীমতি নীলা দে স্বামী- তারাপদ দে (শ্বাশুড়ী) ৪) শ্রী সত্য দে, পিতা- তারাপদ দে (দেয়র) ১-৪ নং সর্ব সাং- সিমলাপাল (সিনেমাহল গড়া) থানা- সিমলাপাল জেলা- বাঁকুড়া একত্রে মিলিত হয়ে পূর্বপরিকল্পিত ভাবে অসৎ

উদ্দেশ্য নিয়ে রাত্রি ৯টা নাগাদ আমার মুখে বালিশ চাপা দিয়ে প্রানে মেরে ফেলার চেষ্টা করে । আমি কোন ক্রমে ফসকে দৌড়ে চিৎকার করায় ও পাশাপাশি লোকজন দের সহযোগিতায় প্রানে বাঁচি । আমি ফোন করে বাপের বাড়ির লোকজনদের জানাইলে ১৯/০৯/২০১৭ তারিখ আনুমানিক বেলা ১০টা নাগাদ আমার মা আমার খোঁজ খবর নিতে গেলে আমাকে ও আমার মাকে খারাপ ভাষায় গালিগালাজ দিয়া আমার মা কে বলে আমরা আমাদের ছেলের পুনরায় বিবাহ দিব । তোমার মেয়ে নিয়ে চলে যা এইভাবে আমার সমস্ত স্ত্রী ধন কেড়ে নিয়ে শ্বশুর বাড়ি তাড়িয়ে দেয় । কোন খোঁজ খবর আমার শশুর বাড়ীর লোকেরা নেয় নাই । সেই থেকে আমি অতি কষ্টের সহিত বাপের বাড়ীতে বসবাস করিতেছি । বর্তমানে উক্ত সত্য দে আমাকে ও এবং আমার বাপের বাড়ির লোকজনদের ফোনে হুমকি দিচ্ছে ।

অতএব, মহাশয়ের নিকট আমার একান্ত অনুরোধ উক্তরুপ অন্যায় কার্য্যের জন্য দোষিরা শাস্তি পায় এবং আমার স্ত্রীধন ফেরৎ পাই তাহার আইনী ব্যবস্থা গ্রহনে মর্জি হউন ।

ইতি

তাং- 16/12/2017 বিনীত, [signature]

9002013429

Received on 16/12/17 at 1205 hrs
and started Bandwan PS Case
No 64/17 dt 16/12/17 u/s. 498(A)/
323/109/341 IPC

[signature]
16.12.17

Officer-in-Charge
BANDWAN P.S
Purulia